42

দৈনিক ইত্তেফাক

তারিখ 10 JUL 1998
পৃষ্ঠা ১৬ কলাম ৬

# নগরীতে প্রাথমিক শিক্ষক সমিতির বিক্ষোভ

**ইত্তেফাক রিপোর্ট** ॥ ২১ দফা দাবী আদায়ের লক্ষ্যে প্রাথমিক শিক্ষক সমিতির আহবানে গতকাল (বৃহস্পতিবার) নগরীতে বিক্ষোভ মিছিল বাহির করা হয়। সকাল ১১টায় ছিদ্দিকবাজার কমিউনিটি সেন্টার হইতে এই মিছিল বাহির হইয়া নগরভবন, প্রেসক্লাব, সড়ক ভবন এলাকা প্রদক্ষিণ শেষে শিশু পার্কের সম্মুখে পৌঁছিলে পুলিশ কর্তৃক বাধাপ্রাপ্ত হয়। এই সময় মিছিলকারী শিক্ষক-শিক্ষিকাবৃন্দ রাস্তার উপর বসিয়া পড়েন। সমিতির সভাপতি আবুল কালাম আজাদ, সাধারণ সম্পাদক কাজী আ. কা. ফজলুল হকের নেতৃত্বে শিক্ষকদের একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়া একটি স্মারকলিপি পেশ করে। ইহার পর শিশু

(১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষক সমিতি

(শেষ পৃঃ পর)

পার্কের সম্মুখে এক সমাবেশে সমিতির পক্ষ হইতে আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হয়। কর্মসূচী অনুযায়ী শিক্ষক সমিতির আহবানে ১৪ই আগষ্ট চট্টগ্রামে, ২৮শে আগষ্ট রাজশাহীতে, ১১ই সেপ্টেম্বর খুলনায়, ৯ই অক্টোবর বরিশালে, ৩০শে অক্টোবর সিলেটে এবং ২৭ ও ২৮শে নভেম্বর ঢাকায় শিক্ষক মহাসমাবেশ অনুষ্ঠিত হইবে। উল্লেখ্য, সমিতির উত্থাপিত ২১ দফা দাবী যথাক্রমেঃ প্রাথমিক স্তরে অভিন্ন শিক্ষা ব্যবস্থা চালু, সকল বেসরকারী প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ, প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর মর্যাদা দান, সহকারী প্রধান শিক্ষকদের পৃথক বেতন স্কেল প্রদান ইত্যাদি।